৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JUL 1987
পৃষ্ঠা ১ কলাম ৭

২২শে আষাঢ় ১৩৯৪ বং

# ছাত্র ব্রিগেড'৮৭ উদ্বোধন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (সোমবার) ছাত্র ব্রিগেড '৮৭-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, শিক্ষার মান নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষাঙ্গনে বোমাবাজি ও মিছিলের ঘটনাকে আর বরদাস্ত করা হইবে না। এব্যাপারে বাহির হইতে আরোপিত সকল প্রকার 'টোকা-

(১১শ পৃঃ দ্রঃ)

## ছাত্র ব্রিগেড'৮৭ উদ্বোধন

(১ম পৃঃ পর)

টুকি' কঠোর হস্তে দমন করা হইবে।

শিশু একাডেমী মিলনায়তনে জাতীয় ছাত্র পরিষদ আয়োজিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন ও শিক্ষা সচিব এম, এ সাঈদ উপস্থিত ছিলেন। চ্যান্সেলরের ছাত্র বিষয়ক উপদেষ্টা রফিকুল হক হাফিজ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। শিক্ষামন্ত্রী বলেন, ছাত্র-যুবকরাই শক্তির উৎস। একাত্তর সালে ছাত্ররা অস্ত্র ধরার ফলেই আজ আমরা স্বাধীনতা পাইয়াছি। ব্রিগেডে অংশগ্রহণকারী ছাত্রদেরকে নেতিবাচক রাজনীতি পরিহার করিয়া জাতি গঠনমূলক কাজে আত্মনিয়োগ করার জন্য তিনি আহ্বান জানান। শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন বলেন, জাতীয় ছাত্র পরিষদ একটি অরাজনৈতিক ফোরাম। সৃজনশীল মেধা লালন করা এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য। ছাত্রদের সমস্যা মেটানোর লক্ষ্যে এই পরিষদকে মিনি পার্লামেন্ট হিসাবে গড়িয়া তোলা হইবে বলিয়া তিনি ঘোষণা করেন।

সভাপতির ভাষণে রফিকুল হক হাফিজ ছাত্রদের হারানো ঐতিহ্য ফিরাইয়া আনার ব্যাপারে ব্রিগেড কর্মীদের তৎপর হওয়ার আহ্বান জানান। উল্লেখ্য, জাতীয় ছাত্র পরিষদের উদ্যোগে এই ব্রিগেড কর্মসূচীতে দুইহাজার ছাত্র অংশগ্রহণ করিতেছে। আজ (মঙ্গলবার) ঢাকায় দুই দিনের কর্মশালা শেষে জনসংখ্যা নিয়ন্ত্রণ, গণশিক্ষা কর্মসূচীর উন্নয়নের জন্য তাহারা দুইশত দলে বিভক্ত হইয়া দুইশত উপজেলায় গমন করিবে। মোট ৭ দিনের কর্মসূচীতে প্রতিটি ব্রিগেড কর্মীকে সাতশত টাকা, একটি ছাতাসহ প্রয়োজনীয় জিনিসপত্র প্রদান করা হইবে। শিক্ষামন্ত্রণালয় এ ব্যাপারে মোট ২২ লক্ষ টাকা অনুমোদন করিয়াছে।